**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২২/১৮৭-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ১ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(২) এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

(ক) যেই ক্ষেত্রে কোনো উৎপাদনকারী এক বা একাধিক স্থান হইতে অভিন্ন বা সমজাতীয় পণ্য উৎপাদনপূর্বক সরবরাহ করেন;

(খ) যেই ক্ষেত্রে কোনো বাণিজ্যিক আমদানিকারক পণ্য আমদানিপূর্বক উহার নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিক্রয় ইউনিটের মাধ্যমে উহা সরবরাহ করেন;

(গ) যেই ক্ষেত্রে কোনো ব্যবসায়ী তৎকর্তৃক ক্রয়কৃত বা সংগৃহীত পণ্য নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিক্রয় ইউনিটের মাধ্যমে বিক্রয় বা সরবরাহ করেন;

(ঘ) যেই ক্ষেত্রে কোনো সেবা সরবরাহকারী নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন শাখার মাধ্যমে অভিন্ন বা সমজাতীয় সেবা সরবরাহ করেন; এবং

(ঙ) যেই ক্ষেত্রে কোনো উৎপাদনকারী এক বা একাধিক স্থান হইতে পণ্য উৎপাদনপূর্বক নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিক্রয় কেন্দ্র বা ডিপো বা ওয়্যারহাউস এর

মাধ্যমে প্রযোজ্য মূসক পরিশোধপূর্বক সরবরাহ করেন।”;

(২) বিধি ২ এর-

(ক) উপ-বিধি (১) এর দফা (খ) বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা (জ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(জ) “সমজাতীয় পণ্য” অর্থ ভোগ বা ব্যবহারের প্রকৃতি অনুযায়ী সমগোত্রীয়, যেমন- ঔষধ, ইলেক্ট্রনিক্স পণ্য, খাদ্য, কসমেটিক, ট্রয়লেট্রিজ, প্লাস্টিক পণ্য ইত্যাদি এবং উহাদের প্যাকেজিং বা মধ্যবর্তী উপকরণ।”;

(৩) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**“৩। কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ।** (১) যদি কোনো ব্যক্তি এক বা একাধিক স্থান হইতে অভিন্ন বা সমজাতীয় পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ সংক্রান্ত অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করেন, তাহা হইলে বিধি ১ অনুসরণপূর্বক-

(ক) একটি উৎপাদনস্থল থাকিলে উৎপাদনস্থলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) একাধিক উৎপাদনস্থল থাকিলে উক্ত ব্যক্তি যেই ইউনিটে কেন্দ্রীয়ভাবে হিসাব-নিকাশ সংরক্ষিত থাকিবে সেই ইউনিটের বা উৎপাদনস্থলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিবেন; এবং

(গ) বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ী বা সেবা সরবরাহকারী যেই ইউনিটে কেন্দ্রীয়ভাবে হিসাব-নিকাশ সংরক্ষিত থাকিবে সেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিবেন।

(২) কোনো ব্যক্তি, যেই ঠিকানায় কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ বিধি সম্মত হইবে সেই ঠিকানা উল্লেখপূর্বক ফরম “মূসক-২.১” এ তাহার সকল ইউনিটের তথ্যাদি উল্লেখ করিয়া মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালার বিধি ৪ অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিবেন।

(৩) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী বা সেবা সরবরাহকারী বা বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ীকে সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে হিসাব-নিকাশ সংরক্ষণ করিতে হইবে।

(৪) ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২২/১৮৭-মূসক জারির পূর্বে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহকে ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে হিসাব-নিকাশ সংরক্ষণ করিতে হইবে, অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের কেন্দ্রীয় নিবন্ধন বাতিল হইবে এবং সংশ্লিষ্ট কমিশনারেট হইতে নূতন নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(৫) বিভাগীয় কর্মকর্তা প্রাপ্ত আবেদনে বর্ণিত তথ্য প্রাথমিক যাচাই-বাছাইপূর্বক যথাযথ পাইলে সংশ্লিষ্ট কমিশনারেটের অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনারের অনুমোদনক্রমে ফরম “মূসক-২.৩” এ কেন্দ্রীয় নিবন্ধন জারি করিবেন, তবে অনুমোদন না পাইলে যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে অবহিত করিবেন।”;

(৪) বিধি ৪ এর-

(ক) উপ-বিধি (১), (২) ও (৩) এ উল্লিখিত “কেন্দ্রীয় ইউনিট” শব্দগুলির পরিবর্তে “যেই ইউনিটে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিট” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(৩ক) যদি কোনো প্রতিষ্ঠানের উৎপাদন ইউনিট এবং নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয় কেন্দ্র বা ডিপো বা ওয়্যারহাউস কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হয় এবং উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন ইউনিটে মূসক অব্যাহতিপ্রাপ্ত কোনো পণ্য উৎপাদন করা হয় কিন্তু ব্যবসায়ী পর্যায়ে উক্ত পণ্য মূসক অব্যাহতিপ্রাপ্ত না হয়, তবে উক্ত ক্ষেত্রে কেন্দ্রীয় নিবন্ধনের বিপরীতে ব্যবসায়ী পর্যায়ের প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে।”;

(৫) বিধি ৫ এ উল্লিখিত-

(ক) “কেন্দ্রীয় ইউনিটের” শব্দগুলির পরিবর্তে “যেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিটের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) “আমদানিকৃত” শব্দের পরিবির্তে “আমদানিকৃত বা স্থানীয়ভাবে ক্রয়কৃত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৬ এর-

(ক) দফা (ঘ) এ উল্লিখিত “কেন্দ্রীয় ইউনিট” শব্দগুলির পরিবর্তে “প্রযোজ্য ক্ষেত্রে, যেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিট” শব্দগুলি এবং “কেন্দ্রীয় ইউনিটে” শব্দগুলির পরিবর্তে “যেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিটে” প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) দফা (ঙ) এ উল্লিখিত “কেন্দ্রীয় ইউনিট” শব্দগুলির পরিবর্তে “যেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিট” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ৭ এ উল্লিখিত “কেন্দ্রীয় ইউনিট” শব্দগুলির পরিবর্তে “যেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিট” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(৮) “ছক-ক” এবং “ছক-খ” এর সকল স্থানে “কেন্দ্রীয় ইউনিট” শব্দগুলির পরিবর্তে “যেই ইউনিটের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করা হইয়াছে সেই ইউনিট” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( কাজী রেজাউল হাসান )**
**দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)**